যুগান্তর

তারিখ ... 06 MAR 2017 ...
পৃষ্ঠা ..১৭... কলাম ...২... ......

# কেরানীগঞ্জে প্রধান শিক্ষকের বিরুদ্ধে বই বিক্রির অভিযোগ

**কেরানীগঞ্জ (ঢাকা) প্রতিনিধি**

কেরানীগঞ্জের জিনজিরা পী. এম. পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু রায়হানের বিরুদ্ধে ২ হাজার শিক্ষার্থীর সরকারি বই বিক্রির অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, বছরের শুরুতে নতুন বই বিতরণের সময় ২ হাজার শিক্ষার্থীর কাছ থেকে গেল বছরের সরকারি বই তিনি জমা নিয়ে নেন। কোনো শিক্ষার্থী পুরনো বই দিতে না চাইলে তাকে নতুন বছরের বই দেয়া হবে না বলে সাফ জানিয়ে দেন। এভাবে বিদ্যালয়ের তৃতীয় থেকে দশম শ্রেণীর প্রায় ২ হাজার ছাত্রীর কাছ থেকে পুরাতন বছরের বই সংগ্রহ শেষে সেগুলো ট্রাক ভর্তি করে রাজধানীর বাংলাবাজারে মোটা অংকের টাকায় বিক্রি করে দেন।

নাম প্রকাশে অনিচ্ছুক বিদ্যালয়ের একাধিক শিক্ষার্থী জানান, নতুন বই বিতরণের সময় পুরনো বই স্কুলে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হয়েছিল। নির্দেশ মোতাবেক বিদ্যালয়ের সব শিক্ষার্থী পুরাতন বই স্কুলে জমা দিয়ে দেয়। কোনো কোনো শিক্ষার্থী আপত্তি জানালে নতুন বই না দেয়ার হুমকি দেয়া হয়। ফলে এক প্রকার বাধ্য হয়েই পুরনো বই ফেরত দেন তারা।

জিনজিরা পী. এম. পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও জিনজিরা ইউপি চেয়ারম্যান সাকুর হোসেন সাকু বলেন, বিষয়টি শুনেছি। প্রধান শিক্ষককে সতর্ক করা হয়েছে। শুধু এ বছরে নয় গত ৫-৬ বছর ধরেই তিনি বই বিক্রি করে দিচ্ছেন বলে জেনেছি। আমি নতুন সভাপতি। আশা করি, ভবিষ্যতে এ রকমটি আর ঘটবে না।

এ বিষয়ে জানতে চাইলে কেরানীগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিলুফার জাহান বলেন, শিক্ষার্থীদের কাছ থেকে পুরনো বছরের বই জমা নেয়ার কোনো নির্দেশনা আমাদের নেই। তিনি (আবু রায়হান) এটা ঠিক করেননি।

বই বিক্রির বিষয়ে জানতে চাইলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু রায়হান কোনো মন্তব্য করতে রাজি হননি।